# ALL INDIA RADIO, SILCHAR

******************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date:- 06-10-2023

## *Time: 19:45-19:55 Hrs*

---

১) সিকিমে আবদ্ধ থাকা আসামের ১৬০ জন শিক্ষার্থীকে উদ্ধারের জন্য আসাম সরকারের দুজন উচ্চপদস্থ আধিকারিককে প্রেরণ।

২) চরাইদেও মৈদামক্ষেত্রে ইউনেসকোর বিশেষজ্ঞ দলের আগামীকাল থেকে তিনদিনব্যাপী পরিদর্শন।

৩) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার আজ জনতা ভবনে খেল মহারণের লোগো , খেলার পোশাক এবং শীর্ষ সংগীত উদ্বোধন।

এবং

৪) রাজ্যের বিভিন্ন প্রান্তে ধারবাহিক বৃষ্টিপাত অব্যাহত/ কয়েকটি জেলায় রেড ও ওরেঞ্জ অ্যালার্ট জারী।

-------------------------------------------------------------------

রাজ্য সরকার সিকিমে আকস্মিক বন্যায় আবদ্ধ হয়ে পড়া আসামের শিক্ষার্থীদের উদ্ধারের জন্য দুজন প্রবীন আধিকারিকে প্রেরণ করেছে ।সিকিমের রংপো ও মাজিত অঞ্চলে আসামের ১৬০ জন শিক্ষার্থী আবদ্ধ হয়ে পড়ার খবর পাওয়ার পর রাজ্য সরকার তাৎক্ষনিকভাবে ব্যবস্থা গ্রহণ করেছে ।

-------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার আজ বন্যা বিধ্বস্ত সিকিমকে প্রায় ৪৫ কোটি টাকার দূযোগ সাহায্য প্রদানের অনুমতি দিয়েছে ।এই অর্থ কেন্দ্রীয় সরকার রাজ্য দূযোগ সহায়তা তহবিল থেকে ২০২৩-২৪ সালের জন্য সিকিমকে প্রদান করেছে ।বন্যায় ক্ষতিগ্রস্ত লোকেদের সাহায্য প্রদানের ক্ষেত্রে রাজ্যকে সহায়তা করার লক্ষে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয় আকস্মিক বন্যার ফলে হোয়া ক্ষয় ক্ষতির মূল্যায়ন করতে আন্তমন্ত্রনালয়ের একটি কেন্দ্রীয় দল গঠন করেছে ।সূত্রে জানানো গেছে যে দলটি খুব শীঘ্র রাজ্যের ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলি পরিদর্শন করবে ও এর মূল্যায়নের ভিত্তিতে সিকিমকে অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্যে অনুমোদন জানানো হবে ।এদিকে পরিস্থিতির সংগে মোকাবিলা করতে কেন্দ্রীয় সরকার রাজ্যকে সময়মত ত্রান সামগ্রী প্রদান করছে ।জাতীয় দূযোগ মোকাবিলা বাহিনী , ভারতীয় বায়ুসেনার হেলিকপ্টার ও সেনাজোয়ানদের পর্যাপ্ত দল প্রেরণ করা সহ প্রয়োজনীয় অনুসন্ধান ও উদ্ধারের কাজে সহায়তা করার জন্য প্রয়োজনীয় সামগ্রী প্রেরণ করা হয়েছে ।এদিকে রাজ্য দূযোগ ব্যবস্থাপনা বিভাগ এক নির্দেশনার মাধ্যমে জনসাধারণকে তিস্তা নদীর অববাহিকা অঞ্চলে গুলি বারুদ সহ অন্যান্য বিস্ফোরক সামগ্রী উদ্ধার হলে সেগুলি সংগে সংগে রাজ্য তাৎক্ষনিক অভিযান কেন্দ্র অথবা জেলা আয়ুক্তের কার্যালয়ে জমা দিতে বলা হয়েছে ।

উল্লেখ্য দুদিন আগে মেঘ ভাঙা বৃষ্টি ও বন্যার জন্য তিস্তা নদীর বেস কয়েকটি সেতু ১০ নম্বর জাতীয় সড়কের কিছু আংশ ও সুংথাং বাঁধ ভেঙে দেওয়ার ফলে সিকিমের বেশ কয়েকটি ছোট শহরের পরিকাঠামো ক্ষতিগ্রস্ত হয় ।

---

ইউনেস্কোর বিশেষজ্ঞদের এক প্রতিনিধিদল আগামীকাল ঐতিহাসিক চরাইদেও মৈদামক্ষেত্রে আসছেন ।ইউনেস্কোর উত্তরপূর্ব এশিয়ার বিশেষজ্ঞ দলের প্রতিনিধি সিঙ্গাপুরের লিম সিং সিয়াংয়ের নেতৃত্বে এই বিশেষজ্ঞ দলটি আগামী কাল মৈদাম ক্ষেত্রে উপস্থিত হয়ে তিনদিন ব্যাপী তথ্য সংগ্রহ করা সহ মৈদামের ঐতিহাসিক গুরুত্ব যাচাই করে প্রতিবেদন দাখিল করবে ।এই প্রতিবেদনের

ওপর চরাইদেও মৈদাম ক্ষেত্র ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে স্বীকৃতি পাওয়া নির্ভর করবে ।

-----------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার আসামে জলবায়ু পরিবর্তন উৎকর্ষ কেন্দ্র স্থাপনে আগ্রহ প্রকাশ করেছে ।গতকাল নতুনদিল্লীতে কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব ডঃ অভয় কারান্ডিকারের সঙ্গে বৈঠকের পর রাজ্যের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী কেশব মহন্ত এই বিষয়ে জানান ।তিনি বলেন যে রাজ্যে বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয় করা সহ উদ্ভাবনীমূলক চিন্তা তথা কাজকর্মে উৎসাহ যোগানোর উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারকে বিশেষ সহযোগিতা প্রদান করবে ।জলবায়ু পরিবর্তনের বিষয়ে গবেষণামূলক কাজকর্মের ক্ষেত্রে সামর্থ্য বৃদ্ধিতে সহায়তা করা হবে ।আসামে উৎকর্ষ কেন্দ্র স্থাপন করার জন্য রাজ্যের বিজ্ঞান প্রযুক্তি ও জলবায়ু পরিবর্তন বিভাগের পক্ষ থেকে শীঘ্র আনুষ্ঠানিক প্রস্তাব দাখিল করা হবে বলে শ্রী মহন্ত জানান ।

-----------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল গৌহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে রাজ্য সরকারের আরোহণ প্রকল্পের অধীনে বিভিন্ন জেলার শিক্ষাপ্রতিষ্ঠানের দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের সঙ্গে মত বিনিময় করেন ।এই অনুষ্ঠানে হাইলাকান্দি জেলা সহ ডিব্রুগড় , ধেমাজি ও দক্ষিণ শালমারা জেলার দশম শ্রেণীর ছাত্রছাত্রীরা উপস্থিত ছিল ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরোহন প্রকল্পের মূল লক্ষ্যের বিষয়ে উল্লেখ করে বলেন যে শিক্ষার্থীদের জীবনে চলার পথে জ্ঞান আহরণ করে নিজেদেরকে একজন প্রকৃত মানব সম্পদ হিসেবে গড়ে তুলতে হবে ।

-----------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড:হিমন্ত বিশ্ব শর্মা আজ জনতা ভবনে খেল মহারণের লোগো , খেলার পোশাক ও শীর্ষ সংগীতের উদ্ভোধন করেন । অনুষ্ঠানে রাজস্ব ও দূযোগ মোকাবিলা বিভাগের মন্ত্রী যোগেন মহন ও রাজ্যসভার সাংসদ পবিত্র মার্ঘেরিটা সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।খেল মহারণের উদ্দেশ্যে আজ দদান নামের শুভংকর প্রতীকটি উদ্ভোধন করা হয়েছে ।শীর্ষ সংগীতে কন্ঠদান করেছেন জুবিন গার্গ ।

উল্লেখ্য রাজ্য সরকারের উদ্যেগে আয়োজিত এই খেল মহারণ আগামী পয়লা নভেম্বর থেকে ১০ ই জানুয়ারী পর্যন্ত সমগ্র রাজ্যুড়ে অনুষ্ঠিত হবে ।এই খেল মহারণে ৫ টি ক্রীড়া শাখায় প্রায় ৫০ লক্ষ ক্রীড়াবিদ অংশ গ্রহণ করবেন ।রাজ্যের ক্রীড়া সংস্থা , স্থানীয় যুব সংঘ , প্রবীন ক্রীড়াবিদদের যৌথ উদ্যোগে এই ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করা হবে ।রাজ্য পর্যায়ের খেলাগুলি গৌহাটী , শিলচর , ডিব্রুগড় , শোনিতপুর , কোকরাঝাড় ,ও ডিফুতে অনুষ্ঠিত হবে ।এই খেল মহারণে এথলেটিক্স , ফুটবল , কাবাডি , ভলীবল ও খোখো এই খেলাগুলিকে অর্ন্তভূক্ত করা হয়েছে ।প্রতিযোগীতাগুলি ১৯ বছর অনুর্ধ পুরুষ ও মহিলা ও ১৯ বছরের উর্দ্ধে পুরুষ ও মহিলার জন্য  পৃথক পৃথক ৪ টি শাখায় অনুষ্ঠিত হবে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন প্রান্তে ধারাবাহিক বৃষ্টি অব্যাহত রয়েছে । এদিকে গৌহাটী মহানগররের বিভিন্ন স্থানের সড়ক, সরকারী কার্যালয় , বিদ্যালয় ইত্যাদি কৃত্রিম বন্যার কবলে পড়েছে ।বরঝারের আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের পূর্বাভাস অনুযায়ী  আজ থেকে আগামী ৯ ই অক্টোবর পর্যন্ত আসামের বিভিন্ন স্থানে ধারাবাহিক বৃষ্টি হবে ।এছাড়া আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র রাজ্যের বেশ কয়েকটি জেলায় রেড এলার্ট ও ইয়োলো এলার্ট জারি করেছে ।সূত্রে গৌহাটি সহ রাজ্যের বেশ কয়েকটি জেলায় বজ্রপাত সহ আকাশ মেঘাচ্ছন্ন হয়ে থাকার সম্ভাবনা রয়েছে বলে জানানো হয়েছে ।কোকরাঝার চিরাং বঙাইগাও ধুবরী ও দক্ষিণ শালমারা - মানকাছর জেলায় অত্যধিক বৃষ্টির আশংকায় রেড এলার্ট জারি করা হয়েছে ।এছাড়া করিমগঞ্জ , ডিমা হাসাও , কার্বিাংলং ,গোয়ালপারা , বরপেটা , বাক্সা , নলবারী , কামরুপ গ্রাম্য , কামরুপ মহানগর , দরং , হোজাই  লখিমপুর ও ডিব্রুগড়ে অরেঞ্জ এলার্ট জারি করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের উদ্যোগে এবং কাছাড় জেলা প্রশাসনের সহযোগীতায় আজ থেকে শিলচর আর্বত ভবন রোডে ইট রাইট মিলেট মেলা-২০২৩ শুরু হয়েছে । এ উপলক্ষ্যে একটি পথচলার আয়োজন করা হয়েছে । পরে অতিরিক্ত আয়ুক্ত খালেদা সুলতানা আহমেদের পৌরহিত্যে

আয়োজিত সভায় স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক জোনালী দেবী , জেলা যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর আশুতোষ কুমার বর্মন , খাদ্য নিরাপত্তা বিভাগের বিভূতি ভূষন দাস , জেলা কৃষি আধিকারীক রফিক আহমেদ প্রমূখ অংশ গ্রহন করেন ।

-----------------------------------------------------------------------

আমার মাটি-আমার দেশ কার্য্যসূচীর অধীনে আজ হাইলাকান্দি শহরে অমৃত কলশ যাত্রার আয়োজন করা হয় । হাইলাকান্দি শহরের ২ , ৫ এবং ৯ নম্বর ওয়ার্ডের মাটি সংগ্রহ করে অমৃত কলস যাত্রা বের হয় । জেলা আয়ুক্ত এন এইচ গৌতম সহ বিজেপি দলের কর্মকর্তা , আত্ম-সহায়ক গোষ্টীর সদস্য , স্থানীয় ওয়ার্ড মেম্বাররা এই যাত্রায় অংশগ্রহন করেছেন । শোভাযাত্রার পর জলসেঁচ বিভাগের সামনে আমার মাটি-আমার দেশ শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় জেলা আয়ুক্ত জানান যে হাইলাকান্দি জেলায় আমার মাটি-আমার দেশ কার্য্যসূচী গন আন্দোলনের রূপ নিয়েছে । উল্লেখ্য আগামী রবিবার থেকে উন্নয়ন খন্ড পর্য্যায়ে অমৃত কলস যাত্রা শুরু হবে ।

-----------------------------------------------------------------------

আসাম বিদ্যুৎ বিতরন কোম্পানী লিমিটেডের করিমগঞ্জ ইলেকট্রিকেল সাব ডিভিশনের ডিভিশনাল ইঞ্জিনিয়ার এক বিজ্ঞপ্তীতে জেলার পূজা কমিটিগুলিকে আসন্ন শারদীয়া দূর্গা পূজার জন্য পূজা মন্ডপে অস্থায়ী বিদ্যুৎ সংযোগ নেওয়ার জন্য অন্তত এক সপ্তাহ আগে আবেদন করতে আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে আরো বলা হয়েছে যে সংশ্লিষ্ট এলাকার ফিডার ম্যানেজাররা পূজা কমিটিগুলিকে বিদ্যুৎ সংযোগ নেওয়ার পদ্ধতি সর্ম্পকে সহায়তা করবেন । পাশাপাশি পূজা কমিটিগুলিকে অস্থায়ী বিদ্যুৎ সংযোগের জন্য কমিটির সাক্ষরিত আবেদন পত্র এবং সরকার অনুমোদিত বিদ্যুৎতের ঠিকাদার বা পর্য্যবেক্ষকের প্রদান করা সঠিক লোডের পরিমান উল্লেখ করে টেষ্ট রিপোর্ট জমা দিতে হবে । এ ব্যাপারে কোন ধরনের সহায়তার জন্য সুমিত দেব যার মোবাইল নম্বর হচ্ছে-৮৮৭৬৩৭৪১৯৫ এ যোগাযোগ করতে বলা হয়েছে ।

-----------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার দুটি স্থানে অভিযান চালিয়ে পুলিশ বৃহৎ পরিমানের নেশাযুক্ত সামগ্রী বাজেয়াপ্ত করেছে ।করিমগঞ্জ শহর এবং আসাম ত্রিপুরা সীমান্তের চূরাইবারী এলাকায় অভিযান চালিয়ে পুলিশ ৯ হাজার বোতল অবৈধ কফ সিরাপ এবং ১১ দশমিক ৫ গ্রাম সন্দেহযুক্ত হেরোইন জব্দ করেছে । এই ঘটনায় জড়িত সন্দেহে চারজনকে আটক করে জেরা অব্যাহত রাখা হয়েছে ।

-----------------------------------------------------------------------

সমগ্র রাজ্যে আগামী পয়লা ডিসেম্বর থেকে আসাম সাংস্কৃতিক মহাসংগ্রাম প্রতিযোগীতা শুরু হচ্ছে । এই প্রতিযোগীতায় এককভাবে জ্যোতি সঙ্গীত , রাভা সঙ্গীত , ভূপেন সঙ্গীত , রবীন্দ্র সঙ্গীত এবং দলগতভাবে বিহু ও পারস্পরিক নৃত্য প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । বিধানসভা ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগীতায় প্রথম , দ্বিতীয় এবং তৃতীয় স্থানাধিকারীরা জেলা পর্য্যায়ে প্রতিযোগীতার জন্য নির্বাচিত হবেন । আগামী দোসরা জানুয়ারী থেকে২০ জানুয়ারী পর্য্যন্ত জেলা স্তরের প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে এবং জেলা স্তরের প্রতিযোগীতার ফলাফল আগামী ২১শে জানুয়ারী ঘোষনা করা হবে । রাজ্য পর্য্যায়ের মূল প্রতিযোগীতা আগামী ২৮শে জানুয়ারী থেকে শুরু হয়ে ৬ই ফেব্রুয়ারী পর্য্যন্ত চলবে । ইচ্ছুক অংশগ্রহনকারীদের প্রপত্র পূরন করে আগামী ১০ই অক্টোবরের মধ্যে নিজ গ্রাম পঞ্চায়েত বা পৌরসভা কার্য্যলয়ে জমা করতে বলা হয়েছে ।

-----------------------------------------------------------------------